

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ২১ ডিসেম্বর, ২০২৩ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি


অদ্য ২১/১২/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ রোজ বৃহস্পতিবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব ইশরাত সিদ্দিকা এর নেতৃত্বে "Koi The" গুলশান, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিজ্ঞানকালে প্রতিষ্ঠানটি তাদের কর্মচারীদের স্বাস্থ্য সনদ, প্রিমিসেস লাইসেন্স এবং ফায়ার লাইসেন্স প্রদর্শনে ব্যর্থ হয়। প্রতিষ্ঠানটির স্টোরে যথাযথ আমদানিকারকের লেবেল বিহীন খাদ্যেপকরন মজুদ করতে দেখা যায়। তাই প্রতিষ্ঠানটিকে সংশোধনের জন্য ১৫ দিনের সময় দিয়ে মুচলেকা নেওয়া হয়।

অভিজ্ঞানটি যথাক্রমে "Waffle Time" গুলশান ব্রাঞ্চে" এ পরিচালনা করা হয়। অভিজ্ঞানকালে প্রতিষ্ঠানটির কিচেন অত্যন্ত নোংরা এবং অপরিচ্ছন্ন পরিবেশ অবস্থায় এবং ফ্রীজে প্রচুর লেবেল বিহীন আইসক্রীম মজুদ করতে দেখা যায়। প্রতিষ্ঠানটি তাদের পেস্ট কন্ট্রোল এর প্রমানক প্রদর্শনে ব্যর্থ হয়। প্রতিষ্ঠানটিকে সংশোধনের জন্য ১৫ দিনের সময় দিয়ে মুচলেকা নেওয়া হয়।

অভিযান পরিচালনাকালে "Koi The এবং Waffle Time" উভয় কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিযানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য পরিদর্শক জনাব আব্দুস সালাম মুখা ও বাংলাদেশ নিরাপদ খাদ্যের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটালিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।


(মোঃ আখতার মামুন)
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ
ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd
ফোনঃ ০২-২২২২২২৩৬০১

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।